1637

দৈনিক বাংলা

তারিখ ... 23 APR 1995 ..
পৃষ্ঠা 7 কলাম 6 ...

# এসএসসি ঃ পরীক্ষার দ্বিতীয় দিন ঃ ৫০২ বহিস্কৃত

**স্টাফ রিপোর্টার ঃ** এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিন বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষায় গতকাল শনিবার দেশের চারটি শিক্ষা বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের জন্য ৫০২

(৫-এর পৃঃ দ্রঃ)

## এসএসসি ঃ পরীক্ষার দ্বিতীয় দিন ঃ ৫০২ বহিস্কৃত

(প্রথম পৃষ্ঠার পর)

জনকে বহিষ্কার করা হয়েছে। তবে নীরব বহিষ্কার পদ্ধতি চালু করায় দেশের সবগুলো কেন্দ্রের বহিষ্কারের সঠিক তথ্য পাওয়া কঠিন। গতকাল বিভিন্ন কেন্দ্রে দুই হাজার ৫৮৯ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল বলে জানা গেছে। প্রবেশপত্র না পেয়েও জোর করে পরীক্ষা দেয়ার ঘটনাকে কেন্দ্র করে পটুয়াখালীতে ছাত্র-পুলিশ সংঘর্ষ ছাড়া অন্য কোথাও অপ্রীতিকর কোন ঘটনা ঘটেনি বলে জানা গেছে।

ঢাকা শিক্ষা বোর্ডের কন্ট্রোল রুম সূত্রে জানা যায়, অসদুপায় অবলম্বনের জন্য ১১টি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ১১৯ জনকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া এক হাজার ৩০৮ জন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে অনুপস্থিত ছিল। বহিষ্কারের মধ্যে ছিল ময়মনসিংহ-২৪, জামালপুর-১৭, নরসিংদী-১৪, টাঙ্গাইল-১৪, নেত্রকোনা-১৪, কিশোরগঞ্জ-৭, মানিকগঞ্জ-৬, গাজীপুর-৪, ফরিদপুর-২, শরিয়তপুর-২ ও মুন্সীগঞ্জ-২ জন।

কুমিল্লা থেকে দৈনিক বাংলার নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল শনিবার ৭টি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ২৩২ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া ৭৪৯ জন ছাত্র-ছাত্রী বাংলা দ্বিতীয় পত্র পরীক্ষায় অংশগ্রহণ করেনি বলে জানা গেছে। বহিষ্কৃতদের মধ্যে চট্টগ্রামে-১৪৪, খাগড়াছড়ি-১১, কক্সবাজার-৯, লক্ষীপুর-১১, মৌলবীবাজার-৩৩, কুমিল্লা-৫৩ ও হবিগঞ্জ জেলায় একজন। লক্ষীপুর জেলার রায়পুর হাইস্কুলের ৩০ জন ছাত্র প্রবেশপত্র না পাওয়ায় মামলা দায়ের করার পর কোর্টের নির্দেশে তারা পরীক্ষায় অংশ নিচ্ছে বলে বোর্ড সূত্রে জানা গেছে।

দৈনিক বাংলার যশোর ব্যুরো জানায়, শনিবার বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষায় ১৯ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে যশোর জেলায় ২, পিরোজপুরে-২ খুলনায়-১, মাগুড়ায়-২, ঝিনাইদহে-৩ ও কুষ্টিয়ায়-৯ জনকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া বোর্ডের ৪৯টি কেন্দ্রে ৩৬৬ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়নি বলে বোর্ড সূত্রে জানা গেছে।

রাজশাহী থেকে আমাদের স্টাফ রিপোর্টার, জানান, গতকাল. বাংলা দ্বিতীয়পত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনের জন্য ১৬টি জেলার বিভিন্ন কেন্দ্র থেকে ১৩২ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে দিনাজপুর জেলায়-৪৯, ঠাকুরগাঁও-১৯, রংপুর-১৪, কুড়িগ্রাম-১১, বগুড়া-১১, নওগাঁ-৮, পঞ্চগড়-১২, গাইবান্ধা-৩, নাটোর-২, নবাবগঞ্জ-৩ রাজশাহী-৬, পাবনা-১, নীলফামারী-২ ও জয়পুরহাট জেলায় একজনকে বহিষ্কার করা হয়েছে। এসব কেন্দ্রে ১৬৬ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল বলে জানা গেছে।

নিজস্ব সংবাদদাতা পটুয়াখালী থেকে জানান, প্রবেশপত্র না পেয়ে জোর করে পরীক্ষা দেয়ার ঘটনাকে কেন্দ্র করে কলাপাড়া থানার ক্ষেপুপাড়া হাইস্কুল কেন্দ্রে ছাত্র-পুলিশ ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ হয়। বিক্ষুব্ধ ছাত্ররা থানা ম্যাজিস্ট্রেটের বাসায় হামলা চালিয়ে ভাংচুর করে। উল্লেখ্য, জেলায় ৩১৯ জন ছাত্র-ছাত্রী প্রবেশপত্র পায়নি। এর মধ্যে ১২৯ জন স্থানীয় সহকারী জজ কোর্টে মামলা দায়ের করলে কোর্ট এদের পরীক্ষা দেয়ার নির্দেশ দেয়। কিন্তু গতকাল দেড়শ' পরীক্ষার্থী প্রবেশপত্র ছাড়া পরীক্ষা হলে জোর করে প্রবেশ করার চেষ্টা করলে পুলিশ বাধা দেয়।